

প্রাথমিকের প্রধান শিক্ষকদের ১০ম গ্রেডে বেতন দিতে সম্মতি

অনলাইন ডেক্স



সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৬৫ হাজার ৫০২
জন প্রধান শিক্ষকের বেতন ক্ষেত্র বিদ্যমান
১১তম গ্রেড থেকে ১০ম গ্রেডে উন্নীত করা
হয়েছে।

সোমবার (১০ নভেম্বর) এ ব্যাপারে সম্মতি
জানিয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে একটি
চিঠি পাঠিয়েছে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ।

অর্থ বিভাগের সিনিয়র সহকারী সচিব মো.
মাহবুবুল আলমের সই করা ওই চিঠিতে বলা
হয়েছে, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের
ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের সম্মতির ভিত্তিতে
সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের

বিদ্যমান ১১তম গ্রেড থেকে ১০ম গ্রেডে
উন্নীতকরণের প্রস্তাবে অর্থ বিভাগের সম্মতি
প্রদান করা হলো।

নতুন বেতন কাঠামো অনুযায়ী, প্রধান
শিক্ষকদের বেতন হবে ১৬ হাজার থেকে ৩৮
হাজার ৬৪০ টাকা (গ্রেড-১০), যা পূর্বে ছিল ১২
হাজার ৫০০ থেকে ৩০ হাজার ২৩০ টাকা
(গ্রেড-১১)।

পদগুলো ‘সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক
নিয়োগ বিধিমালা, ২০২৫’ অনুযায়ী পূরণযোগ্য
থাকবে।